



৮ মে ২০২০

আটকে পরা বাংলাদেশিদের নিয়ে মেলবোর্ন থেকে বিশেষ ফ্লাইটের যাত্রা

সংবাদ বিজ্ঞপ্তি

করোনায় আটকে পরা ১৫৭ জন বাংলাদেশি যাত্রী নিয়ে শ্রীলংকান এয়ার লাইন্স এর বাণিজ্যিক বিমানের একটি বিশেষ ফ্লাইট আজ দুপুরে অস্ট্রেলিয়ার মেলবোর্ন থেকে ঢাকার উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে। ফ্লাইটটি কলম্বোতে যাত্রা বিরতী শেষে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ৯ মে স্থানীয় সময় আনুমানিক রাত ১২ টা ৪০ মিনিটে অবতরণ করবে।

বাংলাদেশ হাই কমিশনের পক্ষ থেকে করোনা ভাইরাসের কারণে অস্ট্রেলিয়ায় সকল বাংলাদেশিদের প্রাথমিকভাবে “নিডস এসেসমেন্ট” এর জন্য রেজিস্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ করা হয়। এতে অস্ট্রেলিয়ায় আটকে পরা তিন শতাধিক ব্যক্তি বাংলাদেশে ফেরত যেতে ইচ্ছা প্রকাশ করে। ফলে বাংলাদেশের যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে বিশেষ ফ্লাইটের অনুমতি নিয়ে বাংলাদেশ হাই কমিশন সিডনী থেকে ঢাকার জন্য মালয়েশিয়ান এয়ার লাইন্সের একটি বিশেষ ফ্লাইট ভাড়া করার সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। টিকেট ক্রয় কালে যাত্রী সংখ্যা কমে যাওয়ায় ঐ ফ্লাইটটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। পরে মেলবোর্ন থেকে শ্রীলংকান এয়ার লাইন্সের এই বিশেষ বিমানটি ভাড়া করা হয় যা আজ দুপুর ১.০০ টায় ঢাকার উদ্দেশ্যে অস্ট্রেলিয়া ছেড়ে গেছে।

করোনায় অস্ট্রেলিয়ায় আটকে পরা বাংলাদেশিদের দেশে ফেরত যেতে ভিক্টোরিয়ান বাংলাদেশি কমিউনিটি ফাউন্ডেশন (VBCF) এবং মিল্টন ট্রাভেলস্ সেন্টার এর সহযোগিতায় বাংলাদেশ হাই কমিশন, ক্যানবেরা সার্বিক ব্যবস্থা গ্রহণ করে।

যাত্রার তিন দিন পূর্বে সকল যাত্রীকে কোভিড উপসর্গ বা কোভিড নেগেটিভ সনদ গ্রহণের জন্য বাংলাদেশ হাই কমিশনের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা হয়। এই অনির্ধারিত ফ্লাইট টি সকল বাংলাদেশি যাত্রীদের নিয়ে সুষ্ঠু ভাবে যাত্রা করার জন্য VBCF, মিল্টন ট্রাভেলস্ সেন্টার, বাংলাদেশ কনস্যুল জেনারেল, সিডনী এবং শ্রীলংকান এয়ার লাইন্সকে বাংলাদেশ হাই কমিশনের পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।